



## জনসংযোগ কার্যালয়

### জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭৯১০৪৫-৫১, ফ্যাক্স: ০২২২৪৮৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu



### প্রেস বিজ্ঞপ্তি

জাবি নবনিযুক্ত প্রো-উপাচার্য অধ্যাপক শেখ মো. মনজুরুল হক-এর দায়িত্বহণ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ১০ জুলাই ২০২১।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক শেখ মো. মনজুরুল হক আজ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য পদে যোগদান করেছেন। গত ২১ জুন ২০২১ তারিখে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যানেল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় আইন, ১৯৭৩ এর ১৩(১) ধারা অনুযায়ী অধ্যাপক শেখ মো. মনজুরুল হক- কে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য পদে নিয়োগ প্রদান করেন। তাঁর কার্যকাল হবে চার বছর।

বিশ্বব্যাপী মহামারি করোনাকালে আজ এ যোগদান অনুষ্ঠানটি সকাল দশটায় অনলাইনে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলামের সভাপতিত্বে এ অনুষ্ঠানের মধ্যদিয়ে অধ্যাপক শেখ মো. মনজুরুল হক প্রো-উপাচার্য পদে যোগদান করেন। অনুষ্ঠানে সভাপতির ভাষণে উপাচার্য নবনিযুক্ত প্রো-উপাচার্যকে অভিনন্দন জানান। তিনি বলেন, একটি দায়িত্ব সফলভাবে সম্পন্ন করার পর আরেকটি নতুন দায়িত্ব পালন অনেক চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জে নব নিযুক্ত প্রো-উপাচার্য সফল হবেন বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। উপাচার্য বিদায়ী প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আমির হোসেনকে সফলভাবে দায়িত্ব পালনের জন্য তাঁকে আন্তরিক ধন্যবাদ জানান। উপাচার্য বলেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় জাতির একটি গৌরবময় প্রতিষ্ঠান। উপাচার্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়কে উচ্চস্থানে নিয়ে যাওয়ার জন্য সকলকে একযোগে কাজ করার আহবান জানান। নব নিযুক্ত প্রো-উপাচার্য অধ্যাপক শেখ মো. মনজুরুল হক কার্যভার গ্রহণকালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি বিন্দু শান্তি নিবেদন করেন। তিনি মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী, শিক্ষা সচিব এবং সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। নব নিযুক্ত প্রো-উপাচার্য বলেন, সকলের সহযোগিতায় অগ্রগতি সাধিত হয়। তিনি উপাচার্যের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা এবং ভৌত অবকাঠামোগত উন্নয়নে বিশ্ববিদ্যালয়ের সকলের পারম্পরিক সহযোগিতার আহবান জানান।

অনুষ্ঠানে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মো. নূরুল আলম, বিদায়ী প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আমির হোসেন, ডিন কমিটির সভাপতি অধ্যাপক ড. রাশেদা আখতার, গাণিতিক ও পদাৰ্থবিষয়ক অনুষদের ডিন অধ্যাপক ড. অজিত কুমার মজুমদার, প্রভোস্ট কমিটির সভাপতি অধ্যাপক মোহা. মুজিবুর রহমান, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ. এ. মামুন, সহ সভাপতি অধ্যাপক ড. সৈয়দ হাফিজুর রহমান, শেখ হাসিনা হলের প্রভোস্ট অধ্যাপক বশির আহমেদ, অফিসার সমিতির সভাপতি ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা) আবু হাসান, সাধারণ সম্পাদক ডেপুটি রেজিস্ট্রার (এস্টেট) আঃ রহমান প্রমুখ বক্তব্য রাখেন। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার রহিমা কানিজের পরিচালনায় এ অনুষ্ঠানে বিভিন্ন অনুষদের ডিন, হল প্রভোস্ট, বিভাগীয় সভাপতি, অফিস প্রধানগণ সংযুক্ত ছিলেন।

#### নবনিযুক্ত প্রো-উপাচার্যের জীবনী

অধ্যাপক শেখ মো. মনজুরুল হক এক সন্তুষ্ট পরিবারে জন্ম গ্রহণ করেন। তাঁর পিতা অধ্যাপক মো. শামসুল হক এবং মাতা জাহানারা বেগম। অধ্যাপক শেখ মো. মনজুরুল হক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র। তিনি এ বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগ থেকে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিপ্ল লাভ করেন। পরবর্তীতে তিনি কানাডার টেক্সাসের বিশ্ববিদ্যালয়, ইল্যান্ডের ডারহাম বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া করেন। তিনি চিকিৎসা ভূগোল, পর্যটন ভূগোল, উচ্চশিক্ষা, জিআইএস এবং অন্যান্য সামাজিক ইস্যু নিয়ে গবেষণা করেন। অধ্যাপক হক একাডেমিক ও প্রশাসনিক বিভিন্ন পদে অধিষ্ঠিত ছিলেন। তিনি ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান, সমাজবিজ্ঞান অনুষদের ডিন, আইন অনুষদের ডিন, সেন্টোর অব এক্সিলেন্স ইন চিচিং লানিং এর পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। আজ প্রো-উপাচার্য হিসেবে যোগদানের পূর্বে তিনি বিগত চার বছর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য, শিক্ষক সমিতির কার্যনির্বাহী পরিষদের সদস্য, বিশ্ববিদ্যালয় শিক্ষক ফেডারেশনের সদস্য ছিলেন। দেশ-বিদেশে তাঁর বেশ কিছু গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে এবং তিনি প্রায় ৫০টি সেমিনার ও সিম্পোজিয়ামে অংশগ্রহণ এবং গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেছেন। তিনি বেশ কয়েকটি গবেষণা জ্ঞান সম্পাদনা করেছেন। তিনি বাংলাদেশ জিওগ্রাফিক্যাল সোসাইটির আজীবন সদস্য, বাংলাদেশ ন্যাশনাল জিওগ্রাফিক্যাল এসোসিয়েশনের আজীবন সদস্য, ইন্ডিয়ান এসোসিয়েশন অব সোস্যাল সায়েন্স এ্যান্ড ওয়ার্ল্ড লেইসার বোর্ড এবং থাইল্যান্ডের এশিয়ান ইকোট্রেইনিজিম নেটওয়ার্ক এর বোর্ড সদস্য। বিশ্ববিদ্যালয়ের সকলের কাছে অধ্যাপক শেখ মো. মনজুরুল হক একজন সমাজ-সচেতন, সজ্জন, জনপ্রিয় ব্যক্তি হিসেবে সমাদৃত।

ড. মোহাম্মদ মহিউদ্দিন  
উপ-পরিচালক



